গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhatpourashavabd.com
সভা নং- "৬৩"

**জানুয়ারি/২০২৬ মাসে অনুষ্ঠিত পৌর পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:**

সভাপতি : উত্তম কুমার রায়, প্রশাসক, জয়পুরহাট পৌরসভা
সভার স্থান : প্রশাসকের অফিস কক্ষ।
তারিখ : ২২ জানুয়ারি/২০২৬।
রোজ : বৃহস্পতিবার
সময় : বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়।

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ | ডিসেম্বর ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন প্রকার সংশোধনী আছে কি না সে বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ডিসেম্বর ২০২৫ মাসে অনুষ্ঠিত পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা ও সংশ্লিষ্ট বিভাগ/ শাখা প্রধানগণ জয়পুরহাট পৌরসভা। |
| ০২ | বিগত মাসের মাসিক আয় ও ব্যয় পর্যালোচনা ও অনুমোদন। | ডিসেম্বর ২০২৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক সভায় উপস্থাপন করা হয়। | ডিসেম্বর ২০২৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণীতে ব্যয়ের খাত সমূহের পরিশোধকৃত বিল সমূহ ও আয়ের হিসাব সঠিক থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। (পরিশিষ্ট "খ") | প্রধান নির্বাহী কর্মকর্তা ও সংশ্লিষ্ট বিভাগ/ শাখা প্রধানগণ জয়পুরহাট পৌরসভা। |
| ০৩ | জয়পুরহাট পৌরসভার উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা | জনাব মো: মিজানুর রহমান উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) সভায় জানান যে, পৌরসভার চলমান প্রকল্পগুলোর মধ্যে ১। লোকাল গভর্মেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকোভারী প্রকল্পের অধীনে স্পেশাল বরাদ্দের আওতায় ০৪ (চার) টি প্যাকেজের চুক্তিসম্পন্ন করে ঠিকাদারগণকে কার্যাদেশ প্রদান করা রয়েছে। ২। আরইউটিডিপি প্রকল্পের ০১ (এক) টি প্যাকেজের অধীনে ০৪ (চার) টি স্কিমের কাজ চলমান রয়েছে এবং অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার চলমান উন্নয়ন প্রকল্পগুলো প্রকল্প অফিসের নির্দেশনা অনুযায়ী যথাযথ মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। পৌরসভার প্রকৌশলীগণ নিয়মিত কাজগুলোর সরেজমিনে তদারকি করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা। |
| ০৪ | বাস টার্মিনাল ও ট্রাক টার্মিনাল এর মাটি পরীক্ষা বিষয়ে আলোচনা। | নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠমো উন্নয়ন প্রকল্পের অধিনে আধুনিক বাস/ ট্রাক টামিনাল নির্মাণের জন্য প্রকল্প অফিস হতে প্রকল্প পরিচালক মহোদয় ও ডিজাইন প্রকৌশলীগণ সরেজমিনে এলাকা পরিদর্শন করে দ্রুত মাটি পরীক্ষা করে রিপোর্ট প্রকল্প অফিসে প্রেরণের জন্য অনুরোধ করেছেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠমো উন্নয়ন প্রকল্পের অধিনে আধুনিক বাস/ ট্রাক টামিনাল নির্মাণের জন্য প্রকল্প অফিস হতে প্রকল্প পরিচালক মহোদয় ও ডিজাইন প্রকৌশলীগণ সরেজমিনে এলাকা পরিদর্শন করে দ্রুত মাটি পরীক্ষা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | বিবিধ<br>(ক) টিআর প্রকল্পের ২য় কিস্তির বরাদ্দের বিষয়ে আলোচনা। | সভাপতি সভায় জানান যে, টিআর প্রকল্পের ২য় কিস্তির বরাদ্দের পরিমাণ ১৩,২০,০৮২.৫৬ (তেরো লক্ষ কুড়ি হাজার বিরাশি দশমিক পাঁচ ছয়) টাকা পাওয়া গিয়েছে, উক্ত টাকার মধ্যে বিভিন্ন ওয়ার্ডে ০৭ (সাত) টি প্রকল্প যাচাই বাছাই অন্তে চূড়ান্তকরণ ও জেলা প্রশাসক বরাবরে তালিকা প্রেরণ করা প্রয়োজন।বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | টিআর প্রকল্পের ২য় কিস্তির বরাদ্দের পরিমাণ ১৩,২০,০৮২.৫৬ (তেরো লক্ষ কুড়ি হাজার বিরাশি দশমিক পাঁচ ছয়) টাকার মধ্যে বিভিন্ন ওয়ার্ডে ০৭ (সাত) টি প্রকল্প যাচাই বাছাই অন্তে চূড়ান্তকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। |
| | (খ) ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি এর প্রকল্প সমূহ তালিকা চূড়ান্ত করণ। | সভাপতি সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত এডিপি প্রকল্পে ২১টি প্রকল্প নিয়ে আলোচনা করা হয়। | ২০২৫-২০২৬ অর্থ বছরের স্কিমগুলো পুনরায় যাচাই বাছাই অন্তে আগামী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত হয়। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। |
| | (গ) ১৪৩৩ বাংলা সনের হাট বাজার ইজারা বিষয়ে আলোচনা। | সভাপতি সভায় জানান যে, জয়পুরহাট পৌরসভার নিয়ন্ত্রণাধীন হাটবাজার ১৪৩৩ বাংলা সনের ইজারা সংক্রান্ত বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার নিয়ন্ত্রণাধীন হাটবাজার ১৪৩৩ বাংলা সনের জন্য ইজারা কমিটি কর্তৃক ইজারা দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। তা বিধিমতে কাযক্রম সম্পাদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা /নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। |
| | (ঘ) কোভিড-১৯ প্রকল্পের আওতায় সমাপ্তিকৃত স্কিম চরকতলী/বুলুপাড়া রাস্তা প্রসঙ্গে। | সভাপতি সভায় জানান যে, কোভিড-১৯ প্রকল্পের আওতায় সমাপ্তিকৃত স্কিম চরকতলী-বুলুপাড়া রাস্তার কার্পেটিং কাজের গুণগতমান সহ বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে তদন্ত কমিটি গঠন করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | কোভিড-১৯ প্রকল্পের আওতায় সমাপ্তিকৃত স্কিম চরকতলী-বুলুপাড়া রাস্তার কার্পেটিং কাজের গুণগতমান সহ বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে নিম্নলিখিত ভাবে তদন্ত কমিটি গঠন করা হলো। উক্ত কমিটিকে ৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন প্রশাসক, জয়পুরহাট পৌরসভা বরাবর দাখিলের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>তদন্ত কমিটি:<br>১ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জয়পুরহাট - আহবায়ক<br>২ উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত প্রতিনিধি,জয়পুরহাট সদস্য<br>৩ নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা সদস্য-সচিব। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। |
| | (চ) প্রধান নির্বাহী কর্মকর্তার কক্ষের ফার্নিচার ক্রয় প্রসঙ্গে। | সভাপতি সভায় জানান যে, প্রধান নির্বাহী কর্মকর্তা ০৫/০১/২০২৬ তারিখে জয়পুরহাট পৌরসভায় যোগদান করেন। তাঁহার কক্ষের বসায় কোন আসবাবপত্র না থাকায় জরুরিভাবে ক্রয় করা প্রয়োজন। সভায় ১,৮৯,৯৭৬ (এক লক্ষ উননব্বই হাজার নয়শত ছিয়াত্তর টাকায়) বিভিন্ন আসবাবপত্র ক্রয়ের প্রাক্কলন উপস্থাপন করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তার কক্ষে কোন আসবারপত্র না থাকায় জরুরিভাবে ক্রয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপনকৃত ১,৮৯,৯৭৬ (এক লক্ষ উননব্বই হাজার নয়শত ছিয়াত্তর) টাকার প্রাক্কলন অনুমোদন করা হয় যা এবং ইজিপি প্রক্রিয়ায় (এসআরএফকিউ) কোটেশন পদ্ধতিতে দরপত্র আহবান সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা / নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। |

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(উত্তম কুমার রায়)
প্রশাসক
ও
সভাপতি
প্রশাসকের কর্মসম্পাদনে গঠিত সহায়তা কমিটি
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং: জপৌস/সাধা/১ (০৭)২/২০২৬/৬৪০ (২৫)

তারিখ: ০৮ মাঘ ১৪৩২
২২ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
৩। পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনের সহায়তা কমিটির সম্মানিত সদস্যবৃন্দ (সকল)।
৪। নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা।
৫। সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
৭। প্রশাসনিক কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
৮। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা।
৯। বিভাগ/শাখা প্রধান (সকল), জয়পুরহাট পৌরসভা।
১০। দপ্তর নথি।

(মো: আশিক খান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জয়পুরহাট পৌরসভা।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট
(সাধারণ শাখা)
joypurhatpourashavabd com

পরিশিষ্ট: ‘ক’

<u>উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:</u>

তারিখ:

| ক্রমিক নং | নাম | পদবি | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | ডা: মো: আল মামুন | সিভিল সার্জন, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ২। | একে এম সাদেকুল ইসলাম | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৩। | মো: আল মামুন হক | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৪। | মুহাম্মদ শফিকুল ইসলাম তালুকদার | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৫। | মোছা: উম্মে রোমান খান জনি | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৬। | মো: রুঁহুল আমিন | জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৭। | মো: জেছের আলী | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৮। | মোসা: লায়লা নাসরীন জাহান | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |

CamScanner